



## স্কুলে ভর্তির ডিজিটাল লটারি বৃহস্পতিবার

বুধবার, ১০ ডিসেম্বর ২০২৫  
সংবাদ অনলাইন রিপোর্ট

সারাদেশের সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ১ম শ্রেণী থেকে ৯ম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়ার ডিজিটাল লটারির বৃহস্পতিবার সকাল ১০টায় অনুষ্ঠিত হবে।

বুধবার,(১০ ডিসেম্বর ২০২৫) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (মাউশি) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জনানো হয়।

এতে বলা হয়, মহানগরী, জেলার সদর উপজেলা এবং অন্যান্য উপজেলা সদরে অবস্থিত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন ২০২৬ শিক্ষাবর্ষে সারাদেশের সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ১ম শ্রেণী থেকে ৯ম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া ডিজিটাল লটারির মাধ্যমে অনুষ্ঠানের সিদ্ধান্ত নেয়া হয়েছে। এ সিদ্ধান্তের আলোকে কেন্দ্রীয় ডিজিটাল লটারি প্রক্রিয়ার সঙ্গে অন্তর্ভুক্ত প্রতিষ্ঠাগুলোর ১ম শ্রেণী থেকে ৯ম শ্রেণীতে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে সারাদেশের সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী নির্বাচন অনুষ্ঠান বৃহস্পতিবার সকাল ১০টায় ঢাকার সেগুনবাগিচা আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউট অনুষ্ঠিত হবে।

## প্রধান শিক্ষক ও অভিভাবকদের প্রতি মাউশির নির্দেশনা

এদিকে সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ২০২৬ শিক্ষাবর্ষে ডিজিটাল লটারির মাধ্যমে নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি নিয়ে নির্দেশনা দিয়েছে মাউশি।লটারি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার নির্ধারিত আইডি ও পাসওয়ার্ড দিয়ে ফলাফল ডাউনলোড করে নির্বাচিত প্রার্থীদের জেলা ও উপজেলা ভর্তি কমিটির সভাপতি বরাবর ই-মেইলে করে মাউশিকে জানাতে হবে।

কেন্দ্রীয় ডিজিটাল লটারির অন্তর্ভুক্ত সরকারি-বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ ও প্রধান শিক্ষকদের বুধবার এ সংক্রান্ত একটি চিঠি পাঠানো হয়েছে।

চিঠিতে বলা হয়েছে, মহানগরী, জেলার সদর উপজেলা এবং অন্যান্য উপজেলা সদরে অবস্থিত ২০২৬ শিক্ষাবর্ষে সারাদেশের সব সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ১ম শ্রেণী থেকে ৯ম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া ডিজিটাল লটারির মাধ্যমে অনুষ্ঠানের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

চিঠিতে আরো জানানো হয়েছে, ডিজিটাল লটারি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর প্রতিষ্ঠান প্রধান, অভিভাবক, শিক্ষার্থী <https://gsa.teletalk.com.bd> লিংক থেকে তাদের নির্ধারিত আইডি ও পাসওয়ার্ড দিয়ে ফলাফল ডাউনলোড করতে পারবেন। ডাউনলোড করা ফলাফল প্রাপ্তির সঙ্গে সঙ্গে প্রতিষ্ঠান প্রধানরা সংশ্লিষ্ট জেলা ও উপজেলা ভর্তি কমিটির সভাপতি বরাবর ই-মেইলে পাঠিয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-কে অবহিত করবেন।

নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির ক্ষেত্রে ভর্তি কমিটির সভা আহবান করে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে শিক্ষার্থীদের ভর্তির ব্যবস্থা নেবেন।